

শিক্ষকদের প্রতি শিক্ষামন্ত্রী সরকারের ওপর আস্থারোখন

যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী মুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষকরা আন্দোলন না করেও তাদের দাবি আদায় করতে পারেন। আমি তাদের সরকারের ওপর আস্থা রাখতে বলব।

গুৱেবার সকালে রাজধানীর আহ্মদনউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে দুই দিনব্যাপী চতুর্থ জাতীয় শিক্ষক সম্মেলন উদ্বোধনকালে মন্ত্রী পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্রতি এ আহ্বান জানান। তিনি আরও বলেন, শিক্ষকদের সম্মান সবার উপরে। সরকার শিক্ষকদের প্রতি শ্রদ্ধাশীল। তাদের দাবির প্রতি সরকার গুরুত্ব দিয়েছে। ভবিষ্যতে শিক্ষকদের সবচেয়ে বেশি বেতন ও সম্মান দেয়া উচিত।

বাংলাদেশ লিটারেসি অ্যাসোসিয়েশন এ সম্মেলনের আয়োজন করে। ঢাকা আহ্বানিয়া মিশন, গণসাক্ষরতা অভিযান এবং আহ্মদনউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহায়তায় আয়োজিত এ সম্মেলনে দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ও এনজিওর ২৮৮ জন প্রতিনিধি অংশগ্রহণ করছেন। আজ বিকালে এ সম্মেলন শেষ হবে। ঢাকা আহ্বানিয়া মিশনের প্রেসিডেন্ট কাজী রফিকুল আলমের সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী, আহ্মদনউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এএসএম সফিউল্লাহ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড. মনজুর আহমদ। এছাড়া অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক অধ্যাপক মুরুল ইসলাম, ড. এম এহছানুর রহমান প্রমুখ বক্তৃতা করেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে দুপুর থেকে শুরু হয় 'প্যারাদিস সেশন'।